# Times Today BD

আশিকুর রহমান | দেশজুড়ে | 13 April, 2025

গাজীপুরের কাশিমপুর হাইসিকিউরিটি কারাগার ভেঙে ৫ আগষ্ট পালানো মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামীকে টাঙ্গাইল থেকে গ্রেপ্তার করেছে টাঙ্গাইলের র‍্যাব ১৪, সিপিসি-৩।

গ্রেপ্তার রিপন নাথ ঘোষ (৪৫) টাঙ্গাইলের মির্জাপুর উপজেলার পাকুল্লা গ্রামের নারায়ন নাথ ঘোষের ছেলে।

শনিবার রাত সাড়ে ১২টার দিকে ঢাকা-টাঙ্গাইল-যমুনা সেতু মহাসড়কের রাবনা বাইপাস এলাকা থেকে রিপনকে গ্রেপ্তার করা হয়।

টাঙ্গাইলের র‍্যাব ১৪ এর ৩ নং কোম্পানী কমান্ডার মেজর কাওছার বাঁধন জানান, ৫ আগষ্ট সরকার পতনের সময় দেশের আইনশৃঙ্খলার নাজুক পরিস্থিতির সুযোগ নিয়ে কাশিমপুর হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগার থেকে অন্যান্য আসামীদের সাথে গ্রেপ্তার রিপনও পালিয়ে যায়।প্রায় ৮ মাস পর শনিবার রাতে তাকে মহাসড়কের রাবনা বাইপাস এলাকা থেকে গ্রেপ্তার করা হয়।রবিবার সকালে তাকে গাজীপুরের কোনাবাড়ী থানায় হস্তান্তর করা হয়।

মৃত্যুদণ্ডপ্রাপ্ত গ্রেপ্তার সরকার পতন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:37

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/775807708